



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
Website: www.bb.org.bd

ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট

এফআইডি সার্কুলার লেটার নং-০১

তারিখঃ ০১ শ্রাবণ ১৪৩০
১৬ জুলাই ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**আর্থিক অন্তর্ভুক্তি ও প্রান্তিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে ‘ডিজিটাল ক্ষুদ্র ঋণ’
সুবিধা প্রদানের লক্ষ্যে গঠিত পুনঃঅর্থায়ন স্কিমের তহবিল বৃদ্ধিকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ০২ জুন ২০২২ তারিখের বিআরপিডি সার্কুলার নং-১১ এবং ২০ জুন ২০২২ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। দেশের সুবিধাবঞ্চিত ও প্রান্তিক জনগোষ্ঠীর প্রয়োজনকে বিবেচনায় নিয়ে তাদেরকে স্বল্প সুদ/মুনাফায় ডিজিটাল ক্ষুদ্র ঋণ/বিনিয়োগ প্রদান এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ‘ডিজিটাল বাংলাদেশ’ গঠনের লক্ষ্যে ইতঃপূর্বে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১০০(একশত) কোটি টাকার একটি আবর্তনশীল (Revolving) পুনঃঅর্থায়ন স্কিম গঠন করা হয়। এক্ষেপে, ডিজিটাল ক্ষুদ্র ঋণের ক্রমবর্ধমান চাহিদা, আর্থিক অন্তর্ভুক্তির সম্প্রসারণ এবং প্রান্তিক জনগোষ্ঠীকে ডিজিটাল লেনদেনে অভ্যস্ত ও উৎসাহিত করার মাধ্যমে সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের অগ্রযাত্রাকে আরও ত্বরান্বিত করার লক্ষ্যে উক্ত তহবিলের পরিমাণ বৃদ্ধি করে ৫০০(পাঁচশত) কোটি টাকায় উন্নীত করা হলো।

৩। এতদ্ব্যতীত, উল্লিখিত সার্কুলার/সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৪। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)
পরিচালক (এফআইডি)
ফোনঃ ০২-৯৫৩০৩৪৩